**বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট**
স্বাধীনতা ভবন
প্রশাসন বিভাগ
৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
www.bffwt.gov.bd


মুজিব শতবর্ষ MUJIB 100

স্মারক নম্বর-৪৮.০১.০০০০.১০২.১১.০০১.১৫.৩৬৩

তারিখঃ ১০ চৈত্র ১৪২৭
২৪ মার্চ ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন সংবিধিবদ্ধ সংস্থা বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট-এর জন্য প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির নিম্নোক্ত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদের সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১ | সহকারী প্রধান হিসাবরক্ষক<br>গ্রেড- ৬<br>বেতন স্কেল ৩৫৫০০-৬৭০১০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩৫ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। | সি, এ (ইন্টার)/আইসিএমএ (ইন্টার) ডিগ্রি অথবা এম, কম (হিসাব) ডিগ্রিসহ কোনো প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে ০৫ বছরের অভিজ্ঞতা। |
| ০২ | প্রোগ্রামার (উপ-ব্যবস্থাপক)<br>গ্রেড- ৬<br>বেতন স্কেল ৩৫৫০০-৬৭০১০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩৫ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। | কম্পিউটার প্রোগ্রামের ক্ষেত্রে কম্পিউটার কৌশল/বিজ্ঞান বা প্রকৌশল বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা ফলিত পদার্থ (ইলেকট্রনিক্স) বিষয়ে ১ম শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি বা ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রিসহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রি এবং কম্পিউটার প্রোগ্রামিং এ ২ বছরের অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট কাজে সর্বমোট ৮ বছরের অভিজ্ঞতা এবং সরকার কর্তৃক স্বীকৃত কোনো পেশাজীবী কম্পিউটার এসোসিয়েশনের সহযোগী সদস্য পদ। |
| ০৩ | সহকারী প্রধান হিসাব নিরীক্ষক<br>গ্রেড- ৬<br>বেতন স্কেল ৩৫৫০০-৬৭০১০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩৫ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৭ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। | সি, এ (ইন্টার)/আইসিএমএ (ইন্টার) ডিগ্রি অথবা এম, কম (হিসাব) ডিগ্রিসহ কোনো প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে ০৫ বছরের অভিজ্ঞতা। |
| ০৪ | সহকারী প্রকৌশলী (তড়িৎ)<br>গ্রেড-৯<br>বেতন স্কেল ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩০ বছর (বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তির ক্ষেত্রে ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক। |
| ০৫ | হিসাবরক্ষণ কর্মকর্তা<br>গ্রেড-৯<br>বেতন স্কেল ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩০ বছর | হিসাব বিজ্ঞান/পরিসংখ্যান/অর্থনীতিতে স্নাতকোত্তর অথবা পাবলিক পরীক্ষায় যে কোনো দুইটি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণিতে উপরে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ০৬ | নীরিক্ষা কর্মকর্তা<br>গ্রেড-৯<br>বেতন স্কেল ২২০০০-৫৩০৬০/- | ০১ (এক) টি | সর্বোচ্চ ৩০ বছর | হিসাব বিজ্ঞান/পরিসংখ্যান/অর্থনীতিতে স্নাতকোত্তর অথবা পাবলিক পরীক্ষায় যে কোনো দুইটি পরীক্ষায় ১ম বিভাগ সমেত ২য় শ্রেণিতে উপরে যে কোনো বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ০৭ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>গ্রেড-১০<br>বেতন স্কেল ১৬০০০-৩৮৬৪০/- | ০১ (এক) টি | ১৮-৩০ বছর | সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংসহ কোনো প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট পদে ০৩ বছরের অভিজ্ঞতা। |
| ৮ | অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, গ্রেড-২ (গ্রেড-১৪)<br>বেতন স্কেল ১০২০০-২৪৬৮০/- | ০২ (দুই) টি | ১৮-৩০ বছর | (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণসহ ০৩ বছরের অভিজ্ঞতা।<br>(খ) কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার টাইপিং-এ ইংরেজি ৩০ শব্দ ও বাংলায় ২৫ শব্দ (প্রতি মিনিটে) গতি সম্পন্ন হতে হবে;<br>(গ) কম্পিউটার ওয়ার্ড প্রসেসিংসহ ই-মেইল/ই-নথি পরিচালনায় দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |

**আবেদনের শর্তাবলী:-**

০১। সচিব, বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট (৫ম তলা), স্বাধীনতা ভবন, ৮৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর লিখিত আবেদনপত্র আগামী ১১-০৪-২০২১ তারিখে অফিস সময়ের মধ্যে পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত ও হাতে হাতে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না;

০২। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) ১১-০৪-২০২১ তারিখে প্রার্থীর বয়স (ছ) জাতীয়তা (জ) বীর মুক্তিযোদ্ধার সন্তান কি'না (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বিভাগ/গ্রেড উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) (ঠ) আবেদনপত্রের সাথে পে-অর্ডারের মূল কপি সংযুক্ত করতে হবে;

০৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে সংযুক্ত করতে হবে:-

(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের/সাময়িক সনদপত্রের ছায়ালিপি (প্রবেশপত্র/মার্কশিট গ্রহণযোগ্য নয়);
(খ) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ (মূলকপি);
(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;

০৪। আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে এবং প্রার্থী যে ঠিকানায় পত্র পেতে ইচ্ছুক সে ঠিকানা নামসহ উল্লেখপূর্বক ১০.০০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেট যুক্ত ফেরত খাম সংযুক্ত করতে হবে;

০৫। ক্রমিক নম্বর ১-৩ পর্যন্ত ৪০০/-(চারশত) টাকা, ৪-৮ পর্যন্ত ৩০০/-(তিনশত) টাকার পে-অর্ডার 'বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট'-এর অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

০৬। আগামী ১১-০৪-২০২১ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তিতে উল্লিখিত সময়ের মধ্যে হতে হবে;

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

০৮। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে;

০৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে স্বাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;

১০। লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোনো ভ্রমন বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না;

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারি সকল বিধি-বিধান অনুসরণ করা হবে;

১২। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন;

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১৪। কোনো ধরণের ব্যক্তিগত যোগাযোগ/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

**(বিশেষ দ্রষ্টব্যঃ গত ২৮-০৪-২০১৯ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ডেইলি অবজারভার পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যে সকল প্রার্থী বর্ণিত পদসমূহে আবেদন করেছিলেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই)।**

২৪/০৩/২০২১
(সাঈদ মাহমুদ বেলাল হায়দর)
সচিব
বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট।

স-৮৫৮ (১৫×৪)